যুগান্তর

তারিখ 03 APR 2018
পৃষ্ঠা ১৬ কলাম ২

এইচএসসির প্রথম দিন

# টঙ্গীতে বাংলা দ্বিতীয় পত্রের প্রশ্ন বিলি

## কেন্দ্র সচিবসহ বহিষ্কার ২

গাজীপুর প্রতিনিধি

সোমবার, এইচএসসি পরীক্ষার প্রথম দিনে টঙ্গী পাইলট স্কুল অ্যান্ড গার্লস কলেজ কেন্দ্রে পরীক্ষার্থীদের মাঝে ভুল প্রশ্নপত্র বিতরণ এবং অতিরিক্ত এক ঘণ্টা সময় ধরে পরীক্ষা নেয়ার অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় টঙ্গীতে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

বেলা ২টার দিকে পরীক্ষা শেষে হল থেকে বের হওয়া পরীক্ষার্থীরা জানান, সোমবার ছিল বাংলা প্রথমপত্রের পরীক্ষা। এ দিন কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের মধ্যে ভুলবশত বিতরণ করেন বাংলা দ্বিতীয়পত্রের সৃজনশীল প্রশ্নপত্র। এ প্রশ্নপত্র হাতে পেয়ে পরীক্ষার্থীরা পরীক্ষার কক্ষ পরিদর্শকদের বিষয়টি অবহিত করলে তাৎক্ষণিক সব পরীক্ষার্থীর কাছ থেকে বাংলা দ্বিতীয়পত্রের ওই প্রশ্নপত্র ফেরত নেয়া হয়। পরবর্তীতে পরীক্ষার্থীদের মাঝে বাংলা প্রথম পত্রের প্রশ্নপত্র বিলি করা হয়। এ সময় প্রশ্নপত্র দিতে দেরি হওয়ায় পরীক্ষার হলে পরীক্ষার্থীরা হট্টগোল শুরু করে। পরবর্তীতে ১০টা থেকে বেলা ২টা পর্যন্ত পরীক্ষা চালিয়ে নেয়া হয়।

এক পরীক্ষার্থীর অভিভাবক মোসাম্মত পলি আক্তার জানান, রুটিন অনুযায়ী পরীক্ষা বেলা ১টায় শেষ হওয়ার কথা থাকলেও পরীক্ষার্থীরা কেউ বাইরে বের না হওয়ায় কেন্দ্রের বাইরে অবস্থানরত অপেক্ষমান অভিভাবকদের উদ্বেগ-উৎকণ্ঠা বাড়তে থাকে। কেন্দ্র কর্তৃপক্ষ এ বিষয়ে মুখ না খোলায় অভিভাবকদের মাঝে বিভিন্ন গুজব ছড়িয়ে পড়ে। পাশের অন্য কেন্দ্রে নির্ধারিত সময়ে বেলা ১টায় পরীক্ষার্থীরা পরীক্ষা শেষে বেরিয়ে এলেও টঙ্গী পাইলট স্কুল অ্যান্ড গার্লস কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীরা পরীক্ষা হলের বাইরে বের হচ্ছিল না। কর্তৃপক্ষ তাদের গেট তালাবদ্ধ করে রাখে। পরীক্ষার হলের ভেতরে কি হচ্ছে তা জানতে অভিভাবকরা কেন্দ্রে ঢোকার চেষ্টা করেও ব্যর্থ হন। পরে বেলা ২টার দিকে, পরীক্ষার্থীরা হল থেকে দেরি হওয়ার কারণ জানতে পারেন অভিভাবকরা। এর আগে ঘটনাটি সর্বোচ্চ গোপনীয়তার মধ্যে রাখার চেষ্টা করে কলেজ কর্তৃপক্ষ। এ ব্যাপারে শিক্ষকদের জিজ্ঞাসা করলে বলা হয় কেন্দ্র সচিবের কাছে যান। আবার কোনো কোনো শিক্ষক বলেন কিছুই হয়নি।

নাম প্রকাশে অনিচ্ছুক এক পরীক্ষার্থী জানান, বাংলা প্রথম পত্রের নৈর্ব্যক্তিক প্রশ্ন পেয়ে সময়মতো পরীক্ষা শেষ হয়। পরে সৃজনশীল পরীক্ষার প্রশ্নপত্র হাতে পাওয়ার পর দেখি বাংলা প্রথম পত্রের পরিবর্তে দ্বিতীয় পত্রের প্রশ্নপত্র বিলি করা হয়েছে। বিষয়টি পরে কক্ষে দায়িত্বপালনরত শিক্ষককে জানাই।

এ ব্যাপারে জানতে কেন্দ্রের সচিব অধ্যক্ষ মো. আলাউদ্দিনকে একাধিকবার মোবাইল ফোনে চেষ্টা করলেও তিনি কল রিসিভ করেননি।

এ ব্যাপারে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) মো. দিদারে আলম মাকসুদ চৌধুরী ঘটনার সত্যতা স্বীকার করে জানান, ট্রেজারি থেকে প্রশ্ন থানায় নেয়ার আগে সর্টিং করার সময় বাংলা ২য় পত্রের সৃজনশীল প্রশ্নের প্যাকেটের গায়ে ভুল করে প্রথম পত্র লেখা হয়েছিল। পরীক্ষার দিন ওই প্যাকেট খুলে বিতরণ করতে গিয়ে তা ধরা পড়ে। পরে থানায় রাখা প্রশ্নপত্রের ট্রাঙ্ক থেকে আবার তা পরিবর্তন করে আনা হয়। এতে ওই পরীক্ষা শুরু করতে ৫৫ মিনিট বিলম্ব হয়েছে। পরে পরীক্ষার্থীদের অতিরিক্ত সময় দিয়ে পরীক্ষা নেয়া হয়েছে।

**কেন্দ্র সচিবসহ বহিষ্কার ২ :** প্রশ্নপত্র ভুল করার অপরাধে কেন্দ্র সচিব ও টঙ্গী পাইলট হাইস্কুল অ্যান্ড গার্লস কলেজের অধ্যক্ষ মো. আলাউদ্দিন ও সহকারী কেন্দ্র সচিব এমএ ফারুককে বহিষ্কার করা হয়েছে। তদস্থলে পার্শ্ববর্তী টঙ্গী সরকারি কলেজের ভাইস প্রিন্সিপালকে কেন্দ্র সচিব ও একজন সহকারী অধ্যাপককে সহকারী কেন্দ্র সচিবের দায়িত্ব দেয়া হয়েছে।

**তদন্ত কমিটি :** বিষয়টি তদন্ত করতে গাজীপুর সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা রেবেকা সুলতানাকে প্রধান করে তিন সদস্যের একটি কমিটি করা হয়েছে। তাদের প্রতিবেদন জমার জন্য তিন কার্যদিবস সময় দেয়া হয়েছে বলে জানান অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা)। বিষয়টি বোর্ড অফিসকেও অবগত করা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| পিএ. পরিসংখ্যান বিভাগ | |
| টীম. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সি... ...লিষ্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ | |

কার্যার্থে/অবগত্যর্থে

স্বাক্ষর